দৈনিক ইত্তেফাক

6

তারিখ ... MAY-1990
পৃষ্ঠা ... কলাম ...

## শিক্ষা সপ্তাহের অনুষ্ঠানমালা আজ শুরু

শিক্ষা সপ্তাহ '৯০ উদযাপন উপলক্ষে জাতীয় পর্যায়ের অনুষ্ঠানমালা আজ (শনিবার) হইতে ৭ই মে পর্যন্ত বাংলাদেশ শিল্পকলা একাডেমী মিলনায়তনে অনুষ্ঠিত হইবে। ভাইস প্রেসিডেন্ট আজ (শনিবার) সকাল ১০টায় শিক্ষা সপ্তাহের উদ্বোধন করিবেন। ৬ই মে অনুষ্ঠিত হইবে 'শিক্ষা উন্নয়নের বাহন' বিষয়ে সেমিনার ও সিম্পোজি-

( ৪র্থ পৃঃ দ্রঃ )

### শিক্ষা সপ্তাহের

( ৩য় পৃঃ পর )

য়াম। ৭ই মে অনুষ্ঠিত হইবে মুক্ত আলোচনা, পুরস্কার বিতরণী অনুষ্ঠান ও সাংস্কৃতিক অনুষ্ঠান। বিকাল ৩টায় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে দেশের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, শ্রেষ্ঠ শিক্ষক ও শিক্ষা প্রশাসক এবং শিক্ষাক্রম সংশ্লিষ্ট ১৬টি বিষয়ের উপর অনুষ্ঠিত জাতীয় ভিত্তিক প্রতিযোগিতায় পুরস্কারপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের পুরস্কৃত করা হইবে। সন্ধ্যা ৭টায় অনুষ্ঠিত হইবে শিল্পকলা একাডেমী আয়োজিত বিচিত্রানুষ্ঠান। —তথ্য বিবরণী।